

## দেশের কিভারগার্টেন স্কুলগুলোতে খুব ভাল শিক্ষা দেয়া হয়

-ডেপুটি স্পীকার

গত ৮ নভেম্বর ঢাকার ফার্মগেটে অবস্থিত চার্চ মিলনায়তনে অনুষ্ঠিত বাংলাদেশ কিভারগার্টেন এসোসিয়েশন তেজগাঁও থানা শাখা আয়োজিত আন্তঃ কিভারগার্টেন সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ডেপুটি স্পীকার এডভোকেট আব্দুল হাযিদ বলেন, দেশের কিভারগার্টেন স্কুলগুলোতে সত্যিই খুব ভাল শিক্ষা দেয়া হয়। তিনি এসোসিয়েশনের কর্মকর্তাদের ৯ দফা দাবীর কথা উল্লেখ করে বলেন, কিভারগার্টেন শিক্ষার্থীদের জন্য সরকারী প্রাথমিক শিক্ষার বই একটি সাধারণ দাবী। এ ব্যাপারে তিনি শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীর সাথে কথা বলবেন। তিনি কিভারগার্টেন রেজিস্ট্রেশনের ব্যাপারেও সংশ্লিষ্টদের সাথে আলাপ করবেন। তিনি আরও বলেন, ৫ম ও ৮ম শ্রেণীতে সরকারী বৃত্তিতে যাতে সরাসরি কিভারগার্টেনের শিক্ষার্থীরা অংশ নিতে পারে সে ব্যবস্থা করবেন। তিনি কিভারগার্টেন স্কুলগুলো সরকারী সাহায্যবিহীনভাবে চালানোর এবং অল্প বেতনে ভাল শিক্ষা দেয়ার জন্য কিভারগার্টেনের শিক্ষকদের ধন্যবাদ জানান। প্রেস বিজ্ঞপ্তি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের তেজগাঁও থানার চেয়ারম্যান ও রোজবাড় কিভারগার্টেনের অধ্যক্ষ আলহাজ্ব মোঃ মুসা। বিশেষ অতিথির ভাষণে কেন্দ্রীয় মহাসচিব জনাব নুরুজ্জামান কায়েস এসোসিয়েশনের কর্মকাণ্ডের বিস্তারিত ব্যাখ্যা দেন।